

[স্মারক ও তারিখ ঠিক রেখে সংশোধিত]



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/৩৩৩২১১১২২৫১১/ময়মনসিংহ-১৩২/৩০৯/৬

তারিখ: ১১ আশ্বিন ১৪২৯
২৬ সেপ্টেম্বর ২০২২


বিষয়: বাগান ইসলামিয়া আলিম মাদ্রাসার জ্যেষ্ঠতম শিক্ষক ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব পালন প্রসঙ্গে।

- সূত্র: ১. জনাব শাহীন আলম গং কর্তৃক ১৪.১১.২০২১ তারিখের আবেদন।
২. উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের স্মারক নং ০৫.৪৫.৬১৯৪০০০.২৭.০০১.২২.৫০৯; তারিখ: ২৩.০৬.২০২২;
৩. নং-বামাশিবো/প্রশাসন/ময়মনসিংহ-১৩২/৩২৩৩; তারিখ: ০৯.০৪.২০১৯খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে ময়মনসিংহ জেলার ত্রিশাল উপজেলাধীন বাগান ইসলামিয়া আলিম মাদ্রাসার জ্যেষ্ঠতম শিক্ষকের নিকট ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব হস্তান্তরের জন্য সূত্রোক্ত ০১ নং স্মারকে অত্র বোর্ডে অভিযোগ দায়ের করেন। অভিযোগসহ সার্বিক বিষয়ে তদন্তপূর্বক প্রতিবেদন প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার ত্রিশাল, ময়মনসিংহ কে পত্র দেওয়া হলে তদন্ত করে সূত্রোক্ত ০২ নং স্মারকে প্রতিবেদন প্রেরণ করেন। তদন্ত প্রতিবেদন পর্যালোচনা দেখা যায়, মাদ্রাসা পরিচালনার ক্ষেত্রে জ্যেষ্ঠ সহকারী অধ্যাপক/প্রভাষকের নিকট দায়িত্ব হস্তান্তরের বিস্তারিত বিষয় উল্লেখ করেন। শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং শিম/শা:১১/৩-৯/২০১১/২৫৬, তারিখ: ০৬/০৬/২০১১খ্রি. তারিখের পরিপত্রের ৩ নং অনুচ্ছেদ ও শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং শিম/শা:১১/৩-৯/২০১১/৪৮৪, তারিখ: ০৯/০৭/২০১২খ্রি. তারিখের ৩.১ নং অনুচ্ছেদ মোতাবেক বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষের শূন্যপদে উপাধ্যক্ষ দায়িত্ব পালন করবেন। উপাধ্যক্ষ কর্মরত না থাকলে জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর ১৩ অনুচ্ছেদ মোতাবেক পারস্পরিক জ্যেষ্ঠতার ভিত্তিতে নির্ধারিত শিক্ষক ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব পালন করবেন।

বর্ণিত অবস্থায় মাদ্রাসা সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে সূত্রোক্ত ০৩ নং স্মারকে জারিকৃত পত্রের কার্যকারিতা বাতিলপূর্বক জনবল কাঠামো ও এমপিও নীতিমালা ২০১৮ এর ১৩ ধারা মোতাবেক এমপিও সিট অনুযায়ী জ্যেষ্ঠতম শিক্ষক জনাব শাহনাজ বেগম, ইনডেক্স-D644456, প্রভাষক, রাষ্ট্রবিজ্ঞান পত্র জারির পর থেকে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব পালন করবেন মর্মে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


২৬.০৯.২০২২

(মো: সিদ্দিকুর রহমান)

রেজিস্ট্রার

ফোন: ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd

জনাব শাহনাজ বেগম (ভারপ্রাপ্ত অধ্যক্ষ)
বাগান ইসলামিয়া আলিম মাদ্রাসা, ত্রিশাল, ময়মনসিংহ;

নং-বামাশিবো/প্রশা/৩৩৩২১১১২২৫১১/ময়মনসিংহ-১৩২/৩০৯/৬

তারিখ: ১১ আশ্বিন ১৪২৯
২৬ সেপ্টেম্বর ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
২. মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ঢাকা;
৩. জেলা প্রশাসক, ময়মনসিংহ;
৪. উপজেলা নির্বাহী অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ;
৫. জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ;
৬. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ;
৭. সভাপতি, বাগান ইসলামিয়া আলিম মাদ্রাসা, ত্রিশাল, ময়মনসিংহ;
৮. জনাব নূর জাহান আক্তার (প্রভাষক জীববিজ্ঞান), বাগান ইসলামিয়া আলিম মাদ্রাসা, ত্রিশাল, ময়মনসিংহ;
৯. জনাব জনাব শাহীন আলম গং (অভিযোগকারী), বাগান ইসলামিয়া আলিম মাদ্রাসা, ত্রিশাল, ময়মনসিংহ;
১০. পি ও টু চেয়ারম্যান, পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
১১. অফিস কপি।

(মো: ওমর ফারুক)

উপ রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd